

## চৌগাছা উপজেলা

**চৌগাছা উপজেলা** (যশোর জেলা) আয়তন: ২৬৯.৩১ কিমি। অবস্থান: ২৩°১০' থেকে ২৩°২২' উত্তর অক্ষাংশ এবং ৮৮°৫৪' থেকে ৮৯°০৮' পূর্ব দ্রাঘিমাংশ। সীমানা: উত্তরে মহেশপুর, কোটচাঁদপুর ও কালীগঞ্জ (ঝিনাইদহ) উপজেলা, দক্ষিণে শার্শা ও ঝিকরগাছা উপজেলা এবং ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য, পূর্বে যশোর সদর ও কালীগঞ্জ (ঝিনাইদহ) উপজেলা, পশ্চিমে মহেশপুর উপজেলা।

জনসংখ্যা ২৩১৩৭০; পুরুষ ১১৫৯০৭, মহিলা ১১৫৪৬৩। মুসলিম ২১৩৯৬৩, হিন্দু ১৭৩৩২, বৌদ্ধ ৭২, খ্রিস্টান ২৬ এবং অন্যান্য ৪৯।

জেলাস্বয়ংপ্রধান নদ-নদী: কপোতাক্ষ, বেতনা ও ভৈরব এবং মরজাত বাগুড় উল্লেখযোগ্য।

প্রশাসন চৌগাছা থানাকে উপজেলায় রূপান্তর করা হয় ১৯৮৩ সালে।

উপজেলা								
পৌরসভা	ইউনিয়ন	মৌজা	গ্রাম	জনসংখ্যা		ঘনত্ব (প্রতি বর্গ কিমি)	শিক্ষার হার (%)	
				শহর	গ্রাম		শহর	গ্রাম
১	১১	১৩৮	১৫৪	২১৪২২	২০৯৯৪৮	৮৫৯	৬১.৬	৫২.৯
পৌরসভা								
আয়তন (বর্গ কিমি)		ওয়ার্ড	মহল্লা	লোকসংখ্যা		ঘনত্ব (প্রতি বর্গ কিমি)	শিক্ষার হার (%)	
১১.৬৩		৯	১১	২১৪২২		১৮৪২	৬১.৬	

ইউনিয়ন				
ইউনিয়নের নাম ও জিও কোড	আয়তন (একর)	লোকসংখ্যা		শিক্ষার হার (%)
		পুরুষ	মহিলা	
চৌগাছা ১৪	৩৭৮৭	৫৯৮৪	৬০৯৭	৪৫.৯
জগদীশপুর ৩৪	৪৯৫৫	৮০৮৪	৮০১৩	৪৭.৬
ধুলিয়ানী ১৭	৩৫৯৬	৬৯৯৫	৭০২৬	৪৮.৯
নারায়ণপুর ৫১	৭১০১	১২৩১৯	১২০১৭	৪৫.৮
পাতিবিলা ৬৯	৪২৮৬	৭১২১	৭৯৯৮	৪৬.১
পাশাপোল ৬০	৬৪১৪	৯৫৯০	৯৬৭৮	৬৬.২
ফুলসরা ৭৭	৬৭১৪	১১৭৫৭	১১৭০৫	৬৮.২
সিংহঝুলি ৮৬	৫৪৫২	৬৬১৫	৬৯১৩	৫৩.৮
সুখপুখুরিয়া ৯৪	৮৭২৮	১৩৪৮১	১৩৭২০	৫২.৬
স্বরূপদহ ৪৩	৭৬৫৭	১২৯৬৩	১২৬৫৫	৫৪.৫

হাকিমপুর ২৫	৬৯৫২	১০২২৫	১০০০২	৪৪.৮
-------------	------	-------	-------	------

সূত্রঃ আদমশুমারি রিপোর্ট ২০১১, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।



প্রাচীন নিদর্শনাদি ও প্রত্নসম্পদ কাঁদবিলা শিব মন্দির, গুয়াতলী শিব মন্দির, মাঠচাকলা জামে মসজিদ, নীলকুঠি।

মুক্তিযুদ্ধ ১৯৭১ সালের ২০ নভেম্বর জামালতা, জগন্নাথপুর ও গরীবপুর মাঠে পাকসেনা ও মিত্র বাহিনীর মধ্যে প্রচ- যুদ্ধ সংঘটিত হয় এবং এ যুদ্ধে অনেক মুক্তিযোদ্ধা হতাহত হন। ১৯৭১

সালের ২৩ নভেম্বর এ উপজেলা শত্রুমুক্ত হয়। এ উপজেলাকে স্বাধীনতা যুদ্ধের প্রবেশদ্বার হিসেবে চিহ্নিত করা হয়। উপজেলার চৌগাছা ও মশিয়ুর নগরে ২টি স্মৃতিস্তম্ভ নির্মিত হয়েছে।

বিস্তারিত দেখুন চৌগাছা উপজেলা, বাংলাদেশ মুক্তিযুদ্ধ জ্ঞানকোষ, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা ২০২০, খণ্ড ৩।

ধর্মীয় প্রতিষ্ঠান মসজিদ ২৪৮, মন্দির ১৮, তীর্থস্থান ১।

শিক্ষার হার, শিক্ষা প্রতিষ্ঠান গড় হার ৫৩.৭%; পুরুষ ৫৬.০%, মহিলা ৫১.৪%। উল্লেখযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান: চৌগাছা কলেজ (১৯৭২), সা'দাত পাইলট স্কুল (১৯২৮), চৌগাছা ছারা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় (১৯৬২), নারায়ণপুর হাইস্কুল, চৌগাছা হাইস্কুল, সৈয়দপুর সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা (১৯২২), চৌগাছা মাদ্রাসা (১৯৪০)।

সাংস্কৃতিক প্রতিষ্ঠান ক্লাব ৪, লাইব্রেরি ১, সাহিত্য পরিষদ ১, নাট্যদল ১।

গুরুত্বপূর্ণ স্থাপনাতুলা উন্নয়ন কেন্দ্র (জগদীশপুর)।

জনগোষ্ঠীর আয়ের প্রধান উৎস কৃষি ৭২.৯৪%, অকৃষি শ্রমিক ২.৭০%, শিল্প ১.০০%, ব্যবসা ১০.৬৮%, পরিবহণ ও যোগাযোগ ২.৭৩%, চাকরি ৩.৮৯%, নির্মাণ ০.৮৮%, ধর্মীয় সেবা ০.০৯%, রেন্ট অ্যান্ড রেমিটেন্স ০.৬৬% এবং অন্যান্য ৪.৪৩%।

কৃষিভূমির মালিকানা ভূমিমালিক ৬৫.৪৫%, ভূমিহীন ৩৪.৫৫%। শহরে ৪৮.৯১% এবং গ্রামে ৬৬.১৬% পরিবারের কৃষিজমি রয়েছে।

প্রধান কৃষি ফসল ধান, পাট, আখ, তুলা, গম, আলু, ডাল, পিঁয়াজ, রসুন, টমেটো, শিম, পান, তিল ও শাকসবজি।

বিলুপ্ত বা বিলুপ্তপ্রায় ফসলাদি নীল, তিসি, অড়হর, মিষ্টি আলু, কাউন, চীনাবাদাম, ছোলা, খেসারি, ধনিয়া।

প্রধান ফল-ফলাদি আম, জাম, কাঁঠাল, কলা, পেঁপে।

মৎস্য, গবাদিপশু, হাঁস-মুরগির খামার এ উপজেলায় মৎস্য, গবাদিপশু, হাঁস-মুরগির খামার, হ্যাচারি রয়েছে।

যোগাযোগ বিশেষত্ব পাকারাস্তা ১৭৬ কিমি, আধা-পাকারাস্তা ৪৭ কিমি, কাঁচারাস্তা ৪০০ কিমি।

বিলুপ্ত ও বিলুপ্তপ্রায় সনাতন বাহন পান্ধি, ঘোড়া ও গরুর গাড়ি।

শিল্প ও কলকারখানা চালকল, তেলকল, বরফকল, ইটের ভাটা প্রভৃতি।

কুটিরশিল্প স্বর্ণশিল্প, লৌহশিল্প, মৃৎশিল্প, তাঁতশিল্প, বাঁশ ও বেতের কাজ, কাঠের কাজ প্রভৃতি।

হাটবাজার ও মেলা হাটবাজার ৩৩, মেলা ১। উল্লেখযোগ্য হাট: চৌগাছা, পুড়াপাড়া, সলুয়া, সিংহঝুলি, রামকৃষ্ণপুর, বল্লভপুর, কাঁদবিলা, আন্দুলিয়া, পাশাপোল।

বিদ্যুৎ ব্যবহার উপজেলার সবক'টি ইউনিয়ন পল্লিবিদ্যুতায়ন কর্মসূচির আওতাধীন। তবে ৫১.৬% পরিবারের বিদ্যুৎ ব্যবহারের সুযোগ রয়েছে।

পানীয়জলের উৎস নলকূপ ৯৬.৮%, ট্যাপ ১.৯% এবং অন্যান্য ১.৩%।

স্যানিটেশন ব্যবস্থা উপজেলার ৪৮.৫% পরিবার স্বাস্থ্যকর এবং ৪৭.১% পরিবার অস্বাস্থ্যকর ল্যাট্রিন ব্যবহার করে। ৪.৪% পরিবারের কোনো ল্যাট্রিন সুবিধা নেই।

স্বাস্থ্যকেন্দ্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১, পরিবার পরিকল্পনা কেন্দ্র ১১, উপস্বাস্থ্য কেন্দ্র ৩।

এনজিও ব্যাক, আশা। [আব্দুল জলিল]

**তথ্যসূত্র** আদমশুমারি রিপোর্ট ২০০১ ও ২০১১, চৌগাছা উপজেলা সাংস্কৃতিক সমীক্ষা প্রতিবেদন ২০০৭।